## Sanatan Dharma

**সদ্গুরু / সৎ শিষ্য/ ব্রহ্মবিদ্যা কাকে বলে ?**

1. সদ্গুরু কাকে বলে ?

যিনি আত্মজ্ঞান, পরমাত্মজ্ঞান এবং ব্রহ্মজ্ঞান লাভ করিয়া বেদের জ্ঞান কান্ড অনুসারে 'ব্রহ্মজানাতি ব্রাহ্মণ'
অবস্থায় ব্রাহ্মণত্ব লাভ করেছেন তিনি সদ্গুরু ।

2. সৎ শিষ্য কাকে বলে ?

- যার জীবনের লক্ষ্য ব্রহ্মজ্ঞান লাভ, যিনি লোক কল্যাণকর কর্ম ও চিন্তায় যুক্ত থাকেন, যিনি নিত্য - অনিত্য বিচারের দ্বারা যম নিয়ম রুপি ধর্মে প্রতিষ্ঠিত এবং যিনি গুরু ভক্ত, গুরু সেবা পরায়ন এবং গুরুর ওপর নির্ভরশীল এবং গুরুর আদেশ মান্যকারী শিষ্য কে সৎ শিষ্য বলে।

3. ব্রহ্মবিদ্যা কি?

- যে বিদ্যার সাধনায় আত্মজ্ঞান, পরমাত্মজ্ঞান এবং পূর্ণ ব্রহ্মজ্ঞান লাভ হয় সেই বিদ্যা কে ব্রহ্ম বিদ্যা বলে হয়।

ব্রহ্ম বিদ্যা অতীব গুহ্য এবং গুরু মুখী বিদ্যা। ইহা বেদ, বেদাঙ্গ, বেদান্ত, গীতা, পুরান কোনো শাস্ত্র অধ্যয়নের দ্বারা লাভ হয় না। ইহা একমাত্রই সৎ শিষ্য যোগ্যতা অর্জনের দ্বারা ভগবানের আদেশে গুরু পরম্পরার মাধ্যমে প্রাপ্ত হওয়া যায়। অন্য কোনো উপায়ে ইহা লাভ করা যায় না।

Published on: Sep, 27 2022 16:00